মেহেরপুর পৌরসভাসহ ৪ টি ইউনিয়নে এক যোগে ভোট গ্রহণ শুরু

মেহেরপুর পৌরসভাসহ ৪ টি ইউনিয়নের সাধারণ নির্বাচন ৬৩ টি ভোট কেন্দ্রে এক যোগে শুরু হয়েছে।
সকাল ৮ টার সময় ৬৩টি ভোট কেন্দ্রে এক যোগে ভোট গ্রহণ শুরু হয়েছে।মেহেরপুর পৌরসভাসহ ৪ টি ইউনিয়নের ১ লাখ ২৪ হাজার ৯৮৮ জন ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন।
মেহেরপুর পৌরসভার মেয়র প্রার্থী মাহফুজুর রহমান রিটন ১ নং ওয়ার্ডের নতুনপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে সকাল ৮ টার সময় ভোট দেন। অপর প্রার্থী স্বতন্ত্র প্রার্থী মোতাচ্ছিম বিল্লাহ মতু ৭ নং ওয়ার্ড সরকারী বালক উচ্চ বিদ্যালয় ভোট কেন্দ্রে ভোট প্রদান করেন।
মেহেরপুর পৌরসভায় ২ জন মেয়রসহ ৪ টি ইউনিয়নে ২০ জন চেয়ারম্যান, ২১৩ জন সাধারণ কাউন্সিলর ও সাধারণ সদস্য, ৬৬ জন সংরক্ষিত নারী কাউন্সিলর ও সাধারণ সদস্য পদে নির্বাচনী প্রতিদ্বন্দ্বীতা করছেন। সকাল থেকেই নারী ভোটারদের উপস্থিতি ভাল।মেহেরপুর পৌরসভায় সবগুলো কেন্দ্রে ইলেকট্রনিক ভোটিং মেশিনে (ইভিএম) এ ভোটগ্রহণ অনুষ্ঠিত হচ্ছে বলে জানান মেহেরপুর জেলা নির্বাচন অফিসার আবু আনছার।

সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে পুলিশী তল্লাশী অভিযান

নির্বাচনে সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে মেহেরপুর সদর উপজেলার বিভিন্ন স্থানে ও মেহেরপুর শহরে শুরু হয়েছে পুলিশী তল্লাশী।

আজ রবিবার (৫ জুন) দুপুরে মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খানের নেতৃত্বে পুলিশের বিরাট টীম সদর উপজেলার বারাদী বাজার, আমঝুপি বাজার, শহরের কলেজ মোড়, চুলকানির মোড়, ওয়াপদার মোড়সহ বিভিন্ন স্থানে এ তল্লাশী অভিযান চালান পুলিশ।

এসময় সদর থানার তদন্ত অফিসার (ওসি তদন্ত) জুলফিকার আলী, পুলিশের টিএসআই ফেরদৌস হাসানসহ বিভিন্ন পর্যায়ের অফিসারবৃন্দ অংশ নেন। তল্লাশী অভিযান চালানোর সময় বৈধ কাগজপত্র না থাকায় ৫ টি মোটরাসাইকেলের নামে মামলা দেয়া হয়েছে। ট্রাফিক পুলিশের সার্জেন্ট টিএসআই হাসান ফেরদৌস বাদী হয়ে মামলা করেন।

সদর থানার ওসি শাহ দারা খান বলেন, নির্বাচনকে ঘিরে র্নিবাচনী এলাকার আইনশৃংখলা পরিস্থিতি ভাল ও সার্বিক পরিবেশ শান্ত রাখতে মেহেরপুর সদর থানা পুলিশ তল্লাশী অভিযান শুরু করেছে। নির্বাচনী এলাকার সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে অপরচিতি লোক,মটরসাইকেল, বড় গাড়ি, প্রাইভেট কারসহ সকল ধরনের যানবাহন তল্লাশী করা হয়েছে।

১৫ জুন মেহেরপুর পৌরসভা, আমঝুপি, বারাদী, শ্যামপুর ও পিরোজপুর ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হবে।

মেহেরপুরের বারাদীতে যথাযোগ্য মর্যাদায় অমর একুশে পালন

অমর একুশে। জাতীয় শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। ভাষা আন্দোলনের ৬৯ বছর পূর্ণ হলো। অমর একুশের শহীদদের প্রতিশ্রদ্ধা। সব পথ এসে মিশে গেছে এক অভিন্ন গন্তব্য শহীদ মিনারে।

বসন্তে ফোটাফুলের স্তবক হাতে, নগ্ন পায়ে ধীরে ধীরে বেদির দিকে এসে ফুল অর্পণ করেন সবাই। কণ্ঠে সেই অমর গান ‘আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি/ আমি কি ভুলিতে পারি, ভাষা শহীদদের প্রতি নিবেদিত শ্রদ্ধার ফুলে ফুলে ঢেকে গেছে মোমিনপুর স্কুল মাঠের শহীদ মিনারের বেদি।

বাঙালি জাতির জীবনের এক অবিস্মরণীয় দিন। অমর একুশে ফেব্রুয়ারি স্মরণে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে গতকাল আওয়ামী লীগের বিভিন্ন অঙ্গ সংগঠনসহ, বারাদী ইউনিট আওয়ালীগ, মোমিনপুর ডাইমন্ড ক্লাব, মোমিনপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, মোমিনপুর মাধ্যমিক বিদ্যালয়, মোমিনপুর সরকারী প্রাথমিক,

বর্শিবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়, বারাদী ইউনিট কৃষক লীগ, শিংহাটি পশ্চিম পাড়া প্রাথমিক বিদ্যালয়, পাটকেলপোতা প্রথমিক বিদ্যালয়, হাসানাবাদ প্রাথমিক বিদ্যালয়, জুগিন্দা সরকারী প্রাথমিক বিদ্যালয়, বারাদী ইউনিট ছাত্রলীগ, বারাদী বিএডিসি, র্যালী নিয়ে ফুল প্রদান করেন এবং দিন ব্যাপী বিস্তারিত কর্মসূচি পালন করেছে।

বারাদিতে আশা এনজিওর পক্ষ থেকে বৃক্ষরোপন

বঙ্গবন্ধু শেখ মজিবর রহমানের শাহাদাৎ বার্ষিকী উপলক্ষ্যে মেহেরপুর সদর উপজেলার বারাদী বাজার ব্রাঞ্চ আশা এনজিওর বৃক্ষরোপন।

বৃহস্পতিবার দুপুর ১২ টার দিকে আশা এনজিও বারাদী বাজার ব্রাঞ্চের সহকারী ম্যানেজার মাজেদুল আলম বৃক্ষরোপন উদ্ধোধন করেন।

এ সময় আরও উপস্থিত ছিলেন সিনিয়র লোন অফিসার আবুল কাশেম ও শামিমুল হাসান।

বারাদী বাজার থেকে মালসাদহ সড়কের হাসানাবাদ ও বর্শিবাড়িয়া গ্রামে বৃক্ষরোপন করা হয়।

মেহেরপুরিয়ান ফেসবুক গ্রুপের মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার

বিতরণ

মেহেরপুরিয়ান গ্রুপের পক্ষ থেকে অটোরিকশা, ভ্যান চালক, মোটর সাইকেল আরোহীদের মধ্যে ১ হাজার মাস্ক ও ৬০০ হ্যান্ডস্যানিটাইজার বিতরণ করা হয়।

বৃহস্পতিবার দুপুরে মেহেরপুর সদর উপজেলার বারাদী বাজার ও গাংনীতে ফরিদ সিকদার ফাহিম এই কর্মসূচির উদ্বোধন করেন।

এ সময় তিনি বলেন, সারা বিশ্বের ন্যায় বাংলাদেশেও প্রাণঘাতী করোনাভাইরাসের আক্রান্তের সংখ্যা দিন দিন বেড়েই চলেছে। তারই পরিপেক্ষিতে আমরা কিছু সংখ্যক মানুষের মাঝে মাস্ক ও হ্যান্ডস্যানিটাইজার বিতরণ করেছি।

এ সময় আরও উপস্থিত ছিলেন মেহেরপুরিয়ান গ্রুপের এডমিন নাইমুল ইসলাম, রাব্বি হোসেন, এস আই শাকিল, রাজা,মোহাম্মদ রাজন ও বানী আমিন প্রমুখ।

মেহেরপুরের বারাদীতে সামাজিক দূরত্ব না মেনেই চলছে টিসিবি পণ্য বিক্রয়

সারা বিশ্ব যেখানে করনা ভাইরাসের প্রাদুর্ভাবে থমথমে অবস্থা বিরাজ করছে। সেখানে মেহেরপুরের বারাদীতে সরকারি নির্দেশনা না মেনেই চলছে টিসিবির বিভিন্ন রকমের পণ্য বিক্রয়।

আজ বুধবার সকাল ১০ টার সময় মোমিনপুর মাধ্যমিক বিদ্যালয়ে সামাজিক দূরত্ব না মেনেই চলছে টিসিবি পণ্য বিক্রি। যেখানে, প্রশাসনের দৃষ্টি থাকা সত্ত্বেও তারা ব্যর্থ। গাদাগাদি করে লাইনে দারিয়ে পণ্য নেওয়ার জন্য ভির করেছেন সাধারণ জনগণ।

এখানে ৬০ টাকা কেজি দরে ছোলা, ৫০ টাকা কেজি দরে মসুর ডাউল, ৫০

টাকা কেজি দরে চিনি, ১২০ টাকা কেজি দরে খেজুর ও ৮০ টাকা কেজি দরে তেল বিক্রিয় করা হচ্ছে।

তবে সকাল থেকে লাইনে দাড়িয়ে পণ্য না পেয়ে হতাশ হয়ে ফিরে যেতে হচ্ছে অনেক ক্রেতা কে।